

অতি জরুরী
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd


নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৫(অংশ-৩)-২৬৪

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
০৭ মার্চ ২০১৬ খ্রি.

বিষয় : হজ ২০১৬ খ্রি. (১৪৩৭ হি:) মৌসুমে ই-হজ সিস্টেম শতভাগ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হ'ল। বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব এর ০১.০৩.২০১৬ খ্রি: তারিখের স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.০৫.০০৪.২০১৫-৬৫ এর কপি এতদসঙ্গে প্রেরণ করা হ'ল (কপি সংযুক্ত)। উক্ত পত্রে উল্লিখিত বিষয়ের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তি : বর্ণনামতে (১ পাতা)।


০৭/০৩/১৬
(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ)
ফোন : ৯৫৮৫২০০

e-mail : morahajsection@gmail.com

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল :

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সংলগ্নীসহ পত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. সভাপতি/মহাসচিব, বাংলাদেশ হজ এজেন্সীস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব)।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:, কাওরান বাজার, ঢাকা (সংলগ্নীসহ পত্রটি হজ ব্যবস্থাপনার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৬. অফিস কপি।

P.S.

৩৮৫ নং সচিব কার্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
জেদ্দা, সৌদি আরব।

সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়	তারিখ: ২/৩/১৬
উপস্থাপন করুন	সচিব কার্যালয় (১৮৬)
মন্ত্রণালয় উপস্থাপন	২/৩/১৬
সচিব কার্যালয়	০১/০৩/২০১৬

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.০৫.০০৪.২০১৫- ৬৫

তারিখঃ ০১/০৩/২০১৬খ্রিঃ

বিষয়ঃ হজ্জ ২০১৬খ্রিঃ (১৪৩৭ হিঃ) মৌসুমে ই-হজ্জ সিস্টেম শতভাগ বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী কার্যব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, হজ্জ ২০১৬ খ্রিঃ (১৪৩৭ হিঃ) মৌসুমে ই-হজ্জ সিস্টেম শতভাগ বাস্তবায়ন করা হবে মর্মে হজ্জ মন্ত্রণালয় হতে জানানো হয়েছে। হজ্জ চুক্তি সম্পাদনকালে হজ্জ মন্ত্রণালয়ের নিয়োগকৃত আইটি কোম্পানী Sejel Tech এবং ইউনাইটেড এজেন্টস অফিসের সাথে বাংলাদেশ হতে আগত আইটি টিমের সদস্যদের সভায় এ বিষয়ে বিস্তারিত জানানো হয়েছে। এ বছর সকল প্রকার আর্থিক লেনদেন ই-পেমেন্টের মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ ক্ষেত্রে বর্তমানে হজ্জ মৌসুমের জন্য চূড়ান্তভাবে অনুমোদিত হজ্জ এজেন্টস সমূহের রেজিস্ট্রেশন সৌদি হজ্জ মন্ত্রণালয় কর্তৃক সম্পন্ন হওয়ার পর প্রত্যেক এজেন্টের বিপরীতে একটি করে IBAN নম্বর ইস্যু করা হবে। এজেন্ট সমূহকে বাংলাদেশ হতে উক্ত IBAN নম্বরে অর্থ প্রেরণ করতে হবে। অর্থ প্রেরণ করার পরে সৌদি আরবে হজ্জযাত্রীর জন্য ভাড়া কৃত বাড়ীর অর্থ, ক্যাটারিং সার্ভিসকে প্রদত্ত অর্থ সহ সকল অর্থ উক্ত একাউন্ট হতে ই-পেমেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে। এ ক্ষেত্রে কোন নগদ লেনদেন করা যাবে না। সকল প্রকার অর্থ পরিশোধ করার পরেই MOFA পদ্ধতিতে হজ্জযাত্রীদের ভিসা ইস্যু হবে।

এমতাবস্থায় সকল এজেন্টকে বিষয়টি অবহিত করনের ব্যবস্থা এবং কোন এজেন্ট যাকে সৌদি আরবে কোন বাড়ীর মালিক বা অন্য কোন সেবা প্রদানকারীর সাথে নগদ কোন অর্থ লেনদেন না করেন সে বিষয়ে সতর্ক করনের জন্য অনুরোধ করা হলো।

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ১৬.০৪.০০০০.০০০.০৫.০০৪.২০১৫-

০১.০৩.২০১৬

মোঃ আসাদুজ্জামান
কাউন্সেলর (হজ্জ)

তারিখঃ ০১/০৩/২০১৬খ্রিঃ

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২। কনসাল জেনারেল, কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ৩। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

মোঃ আসাদুজ্জামান
কাউন্সেলর (হজ্জ)